

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৩৯২

তারিখঃ ২২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : পৌরসভা নির্বাচন উপলক্ষে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য মনোনয়ন প্রদান।

সূত্র : (১) স্মারক নং ১ই-৫১/২০০০(অংশ-৫)-৪৭৫৮ জে, তারিখ : ০৬/১০/২০২০ খ্রিঃ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
(২) নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-৩৩৬, তারিখঃ ২৭/০৯/২০২০ খ্রিঃ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে আগামী ১০ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ শনিবার নিম্ন হক বর্ণিত ১ হতে ৫ নং ক্রমিকে উল্লিখিত পৌরসভাসমূহের মেয়র এবং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর এর শূন্য পদে উপনির্বাচন এবং আগামী ২০ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ মঙ্গলবার ৬নং ক্রমিকে উল্লিখিত নারায়ণগঞ্জ জেলার গোপালদী পৌরসভার ৭নং ওয়ার্ডের কাউন্সিলর এর শূন্য পদে উপনির্বাচন উপলক্ষে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ এ বর্ণিত ক্ষমতাবলে নির্বাচনি এলাকায় বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, বিধি ৭৭ এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No V of 1898) এর sub-section 1 of section 190 এর অধীনে আমলে নেওয়া ও সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের ক্ষমতা সম্পন্ন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা আবশ্যিক বিধায় উল্লিখিত অপরাধসমূহ আমলে নেওয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের জন্য নিম্ন ছকের ১ হতে ৫ নং ক্রমিকে উল্লিখিত পৌরসভাসমূহের নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের পূর্বের দু'দিন, ভোট গ্রহণের দিন ও ভোট গ্রহণের পরের দু'দিন অর্থাৎ আগামী ০৮/১০/২০২০ খ্রিঃ হতে ১২/১০/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য এবং ৬ নং ক্রমিকে উল্লিখিত পৌরসভার নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের পূর্বের দু'দিন, ভোট গ্রহণের দিন ও ভোট গ্রহণের পরের দু'দিন অর্থাৎ আগামী ১৮/১০/২০২০ খ্রিঃ হতে ২২/১০/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের ক্ষমতাসম্পন্ন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নিম্নবর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নিম্নরূপে মনোনয়ন প্রদান করা হলো :

নং	জেলা	পৌরসভা	পদের নাম	ম্যাজিস্ট্রেটের সংখ্যা	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	ভোট গ্রহণের তারিখ
১.	সুনামগঞ্জ	জগন্নাথপুর	মেয়রের শূন্য পদ	০১	জনাব কুদরত-এ-ইলাহী, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ	১০ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ (শনিবার)
২.	বিনাইদহ	কালীগঞ্জ	৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর	০১	জনাব এম এ আজহারুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বিনাইদহ	
৩.	মাদারীপুর	মাদারীপুর	৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর	০১	জনাব শহিদুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মাদারীপুর	
৪.	হবিগঞ্জ	মাধবপুর	১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর	০১	জনাব তৌহিদুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ	
৫.	যশোর	চৌগাছা	৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর	০১	জনাব মাহাদী হাসান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর	
৬.	নারায়ণগঞ্জ	গোপালদী	৭নং ওয়ার্ড কাউন্সিলর	০১	জনাব মোঃ কাউছার আলম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ	২০ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ (মঙ্গলবার)

৪৭
০৭/১০/২০২০
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

সিনিয়র সচিব
বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
[দৃঃ আঃ উপসচিব (আইন)]।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ,
৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. জনাব/বেগম
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. গার্ড ফাইল।
১১. অফিস কপি।